# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৪৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ প্রয়োজনে মুসল্লী ব্যক্তির জন্য বৈধ আছে ডানে-বামে হাঁটা

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ مَشْيَ الْيَمِينِ وَالْيَسَارِ فِي صلاته لحاجة تحدث

আরবী

2349 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا غَسَّانُ بْنُ الرَّبِيعِ عَنْ ثَابِتِ بْنِ يَزِيدَ عَنْ بُرْدِ بْنِ سِنَانَ عَنِ الزُّهْرِيِّ عَنْ عُرْوَةَ عَنْ عَائِشَةَ قَالَتْ: اسْتَفْتَحْتُ الْبَابَ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي تَطَوُّعًا وَالْبَابُ فِي الْقِبْلَةِ فَمَشَى النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ يَمِينِهِ ـ أَوْ عَنْ يَسَارِهِ ـ حَتَّى فَتَحَ الْبَابَ ثم رجع إلى الصلاة.

الراوي : عَائِشَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2349 | خلاصة حكم المحدث: حسن ـ ((صحيح أبي داود)) (855)

বাংলা

২৩৪৯. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ঘরে দরজাকে কিবলার দিকে রেখে নফল সালাত আদায় করছিলেন এমন অবস্থায় আমি বাহির থেকে দরজা খুলে চাই, তখন তিনি ডান দিক থেকে অথবা বাম দিক থেকে হেঁটে সামনে যান এবং দরজা খুলে দেন। তারপর তিনি আবার সালাতে ফিরে যান।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আবী ইয়ালা: ৪৪০৬; মুসনাদ আহমাদ: ৬/২৩৪; নাসাঈ: ৩/১১; আত তায়ালিসী: ১৪৬৮; আবূ দাঊদ: ৯২২; তিরমিযী: ৬০১; সুনান বাইহাকী: ২/২৬৫; বাগাবী: ৭৪৭।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী

রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৮৫৫)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91670

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন